গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩১.৯৯.১৫৭.১৭.১৫২

তারিখ: ৫ চৈত্র ১৪২৯
১৯ মার্চ ২০২৩

বিষয়: **তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে প্রচারপত্র বিতরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তথ্য অধিকার বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার ১.৫ এর কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচার কার্যক্রম হিসাবে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত প্রচারপত্র এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরসমূহে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পাসম কর্তৃক প্রস্তুতকৃত প্রচারপত্র ০৫ কপি।

১৯-৩-২০২৩
প্রশান্ত কুমার দাস
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৬৭৭৫
ইমেইল: admin1@mowr.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৩) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
৫) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩১.৯৯.১৫৭.১৭.১৫২/১(৬)

তারিখ: ৫ চৈত্র ১৪২৯
১৯ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপসচিব, তথ্য অধিকার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৩) সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয় (প্রচারপত্রটি অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪) সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
৫) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়

৬) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৯-৩-২০২৩
প্রশান্ত কুমার দাস
উপসচিব

# তথ্য অধিকার আইন ২০০৯ এর লক্ষ্য

বাংলাদেশ সংবিধান অনুযায়ী নাগরিকদের তথ্য প্রাপ্তি, চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার অধিকার নিশ্চিত

জনগণ প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক সে লক্ষ্যে নাগরিকদের ক্ষমতায়ন

দুর্নীতি হ্রাস এবং স্বচ্ছতা ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারী, স্বায়ত্তশাসিত এবং বিদেশী অর্থে পরিচালিত বেসরকারী সংস্থার জবাবদিহি নিশ্চিত

## তথ্য প্রাপ্তির অনুরোধ

(১) কোন ব্যক্তি এই আইনের অধীন তথ্য প্রাপ্তির জন্য সংশিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চাহিয়া লিখিতভাবে বা ইলেক্ট্রনিক মাধ্যম বা ই-মেইলে অনুরোধ করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এ উল্লেখিত অনুরোধ নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকিতে হইবে, যথাঃ-

(অ) অনুরোধকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে, ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা;

(আ) যে তথ্যের জন্য অনুরোধ করা হইয়াছে উহার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;

(ই) অনুরোধকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী; এবং

(ঈ) কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী উহার বর্ণনা অর্থাৎ পরিদর্শন করা, অনুলিপি নেওয়া, নোট নেওয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতি।

**৯। তথ্য প্রদান পদ্ধতি-** (১) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন অনুরোধ প্রাপ্তির তারিখ হইতে অনাধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করিবেন।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, অনুরোধকৃত তথ্যের সহিত একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশিষ্টতা থাকিলে অনাধিক ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে উক্ত অনুরোধকৃত তথ্য সরবরাহ করিতে হইবে।

(৩) উপ-ধারা (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হইলে অপারগতার কারন উল্লেখ করিয়া আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি উহা অনুরোধকারীকে অবহিত করিবেন।

প্রচারে- পানি সম্পদ মন্ত্রণালয়